একলব্যের প্রকাশন

নৌকো চলে

ছবিতে গল্প

বী. সুতেয়েব

নৌকো চলে

ছবি ও গল্প
ভী. সুতেয়েভ

একলব্যের
প্রকাশন

নৌকো চলে

একটি চিত্র কাহিনী

ছবি ও গল্প : ভী. সুতেয়েভ

অনুবাদঃ টুলটুল বিশ্বাস

'স্টোরিজ এণ্ড পিকচার্স' থেকে একটি চিত্র কাহিনী
প্রগতি প্রকাশন, মস্কোর সৌজন্যে ইংরাজী থেকে
অনূদিত এবং প্রকাশিত।

মানব সংসাধন বিকাশ মন্ত্রালয়, ভারত সরকার ও
স্যার রতন টাটা ট্রাস্টের আর্থিক সহযোগিতায় প্রকাশিত।

নভেম্বর, ২০০০/২০০০ কপি

মূল্য : ১০.০০ টাকা

প্রকাশক:
একলব্য,
ই-১/২৫, অরেরা কলোনী
ভোপাল- ৪৬২ ০১৬ (ম.প্র.)

ভাণ্ডারী অফসেট প্রিন্টার্স, ভোপালে মুদ্রিত।

THE BOAT

A picture story

Text and illustrations - V. SUTEYEV
Translation - K. R. Sharma

From STORIES AND PICTURES
Progressive Publishers, MOSCOW

Published with the financial assistance from
Ministry of Human Resource Development,
Government of India and Sir Ratan Tata Trust.

December, 2000 / 1000 copies
Price : Rs.10.00
This book is also published in these languages - Hindi
Gujarati, Bangla, Telugu, Oriya, Chatteesgarhi,
Marathi, Bundeli and English. total copies 30000

Published by:
EKLAVYA
E-1/25, Arera Colony
Bhopal - 462 016 (M.P.)
Phone (0755) 463380, Fax (0755) 461703
email : eklavyamp@vsnl.com

Printed at Bhandari Offset Printers, Bhopal.

নৌকো চলে



একটা ব্যাং, একটা মুরগী ছানা, একটা ইঁদুর, একটা পিঁপড়ে আর একটা গুবরে পোকা, সবাই বেড়াতে বেরুলো।

চলতে চলতে তারা একটা পুকুরের পাড়ে পৌঁছালো।

"চল সাঁতার কাটি" বলে ব্যাংটা জলে ঝাঁপ দিল।

"কিন্তু আমরা তো সাঁতার জানিনা," মুরগীছানা, ইঁদুর, পিঁপড়েও গুবরে পোকা বললো।

"টর্র, টর্র, টর্র। তাহলে তোমাদের তো এখানে কোন কাজ নেই," বলে ব্যাংটা হাসতে লাগলো। আর সে হাসতেই থাকলো। এত হাসলো যে ওর শ্বাস বন্ধ হতে লাগলো।



মুরগীছানা, ইঁদুর, পিঁপড়ে ও গুবরে পোকার খুব খারাপ লাগলো। ওরা কোনো উপায় ভাববার চেষ্টা করলো। ওরা ভাবতেই থাকলো, ভাবতেই থাকলো, ভাবতেই থাকলো। তারপর ওরা একটা উপায় বের করলো।



মুরগীছানা গেল আর শীঘ্রই একটা পাতা নিয়ে এল।

ইঁদুর একটা আখরোটের খোলা নিয়ে এল।



পিপড়ে একটা খাগের কাঠি নিয়ে এল।

আর গুবরে পোকা কালো সুতোর
একটা লম্বা টুকরো নিয়ে এল।



তারপর সবাই মিলে কাজে লেগে গেল। ওরা খাগের কাঠিটাকে আখরোটের খোলাতে আটকে দিলো। আরপাতাটাকে সূতো দিয়ে কাঠিতে বেঁধে দিলো। এক মিনিটেই একটা সুন্দর নৌকো তৈরী হয়ে গেলো।

ওরা ওটাকে জলে ধাক্কা দিয়ে ওতে চড়ে বসলো।
আর চললো ওদের নৌকো।

ব্যাংটা জলের থেকে
মাথা বের করলো।

সে আবার হাসতেই
যাচ্ছিলো, কিন্তু
নৌকোটাতো
অনেক-অনেক দূরে
চলে গিয়েছিলো।

এতদূরে যে সে আর সেখান পর্য্যন্ত
পৌঁছোতেই পারতো না।

মূল্য : ১০.০০ টাকা